# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জেলার খবর | 27 March, 2025

জামালপুরের বকশীগঞ্জে ব্যক্তিগত কারণ দেখিয়ে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের উপজেলা শাখার আহ্বায়ক ও সদস্য সচিব পদত্যাগ করেছেন।

বুধবার (২৬ মার্চ) রাতে পৃথক ফেসবুকে স্ট্যাটাস দিয়ে তারা পদত্যাগের ঘোষণা দেন।

খোঁজ নিয়ে জানা গেছে, গত ১২ ফেব্র□য়ারি সুলতানুল সালেহিনকে আহবায়ক ও জিসানুর রহমান জিসানকে সদস্য সচিব করে ১৬৩ বিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়।

এরপর থেকেই তারা বিভিন্ন কর্মসূচি পালন করে আসছে।

এরই মধ্যে বুধবার রাতে নিজের ফেসবুক প্রোফাইলে একটি দীর্ঘ স্ট্যাটাস দিয়ে পদত্যাগের ঘোষণা দেন উপজেলা শাখার আহ্বায়ক সুলতানুল সালেহিন।

সুলতানুল সালেহিন তার ফেসবুকে একাংশে লেখেন " যেহেতু এখনো যথেষ্ট পরিপক্ক মানুষ হয়ে উঠতে পরিনি।তাই যেকোন অসৎপথ অবলম্বন করার সম্ভাবনা থাকে।তাই এখন এই পথ থেকে সরে আসাকেই আমি উত্তম বলে মনে করছি।

এছাড়াও তিনি লেখেন এখন পরিবার এবং নিজের ভবিষ্যৎ নিয়ে ভাবার সময় হয়েছে"।পরে সকলের মঙ্গল কামনা করেন পদত্যাগ করা এই নেতা।

পদত্যাগ করা সদস্য সচিব জিসানুর রহমান জিসান জানান, নিজের ক্যারিয়ারের কথা ভেবেই পদত্যাগ করেছি।

পদত্যাগের ব্যাপারে জানতে চাইলে সুলতানুল সালেহিন জানান, আমার পদত্যাগ পত্রটি জেলা কমিটির নিকট জমা দিয়েছি।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন পদত্যাগ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 11:02

URL: https://www.timestodaybd.com/countrywide/82775807